# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ৩১/০৩/২০২৬খ্রিঃ

**দপ্তর আদেশ নং-৫৭৯ /২০২৬**

যেহেতু, জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল ড্রেজারে কর্মরত থাকাকালীন সময়ে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ দিবাগত রাতে মায়ারামপুর খনন এলাকা, বাঞ্ছারামপুর অবস্থানকালীন ড্রেজার-কপোতাক্ষ সংলগ্ন ক্রেনবোট খনিকা-১০ হতে ০৩টি ব্যাটারী এবং ব্যাটারী সংযুক্ত ক্যাবল চুরি হয়; এতে কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে; যেহেতু, এ চুরির ঘটনায় তার সংশ্লিষ্টতা অনুমেয় হওয়ায় কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৪৬১/২০২৫; তারিখঃ ১৭/০৮/২০২৫ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, ড্রেজার-কপোতাক্ষ সংলগ্ন ক্রেনবোট খনিকা-১০ হতে গত ২৪/০৭/২০২৫খ্রিঃ তারিখ রাতে ০৩টি ব্যাটারী এবং ব্যাটারী সংযুক্ত ক্যাবল চুরি হওয়ায় কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে এবং এ চুরির জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত) এর সংশ্লিষ্টতা অনুমেয়; যেহেতু, তার এরূপ কার্যকলাপ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি, যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক) এবং ৩৫ (খ) প্রবিধান অনুসারে "দায়িত্ব পালনে অবহেলা" এবং "অসদাচরণ" এর অর্ন্তভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭. ০৪৭. ০০. ০০. ৩২৬. ২০২৫/২৪৫, তারিখঃ ২৪/০৯/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি গত ২৯/০৯/২০২৫খ্রিঃ তারিখ অভিযোগনামার জবাব দাখিল করেন; যেহেতু, অভিযোগনামার জবাবের প্রেক্ষিতে গুরু দন্ড আরোপের উদ্দেশ্যে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২)(গ) মোতাবেক কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৩৯৯/২০২৫; তারিখঃ ০৮/১২/২০২৫খ্রিঃ দ্বারা জনাব মেহেদী হাসান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী(তড়িৎ/সিএসই), ডিজাইন এন্ড মনিটরিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে আহবায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত বোর্ড গঠন করা হয়;

যেহেতু, তদন্ত বোর্ড গত ২২/০১/২০২৬ খ্রিঃ তারিখে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন; যেহেতু, দাখিলকৃত প্রতিবেদনে মতামত/সুপারিশে অভিযুক্ত ৫(পাঁচ) জন কর্মচারীর মধ্যে ৩(তিন) কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগে দায়িত্ব পালনে অবহেলার কারণে দোষী হিসেবে গণ্য করা হয়; কিন্তু অবশিষ্ট ০২(দুই) জন কর্মচারী একই অভিযোগে দোষী/নির্দোষ কি-না তা উল্লেখ করা হয়নি; এ প্রেক্ষিতে পুনরায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য গত ১০/০২/২০২৬খ্রিঃ তারিখ তদন্ত বোর্ডের আহবায়ক-কে পত্র প্রেরণ করা হয়; যেহেতু, তদন্ত বোর্ড গত ২৪/০২/২০২৬খ্রিঃ তারিখ পুনরায় পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ) মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত বোর্ডের দাখিলকৃত প্রতিবেদনে জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল (বর্তমান কর্মস্থল, ঢাকা) এর নামে আনীত অভিযোগ ব্যাটারী চুরির ঘটনায় তাকে নিরাপত্তার দায়িত্ব পালনে অবহেলার কারণে দোষী হিসেবে গণ্য করা হয়েছে; যেহেতু, প্রতিবেদন সহ নথি উপস্থাপন করা হলে চেয়ারম্যান মহোদয় কর্তৃক **"ব্যক্তিগত শুনানী"** গ্রহণের সিদ্ধান্ত প্রদান করা হয়; যেহেতু, গত ১২/০৩/২০২৬খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয়ের দপ্তরে জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত) এর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানী শেষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামার জবাব, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী) (সাময়িক বরখাস্তকৃত) এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (খ) প্রবিধান মোতাবেক **"১(এক) বছরের বেতন বর্ধন স্থগিত"** লঘু দন্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী), ড্রেজার-কপোতাক্ষ, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (খ) প্রবিধান মোতাবেক **"১(এক) বছরের বেতন বর্ধন স্থগিত"** লঘু দন্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো; তিনি একই পদে ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা কাজে যোগদান করবেন;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।

E/DP/নিঃআঃ

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩২৬.২০২৫/ ৪৫৪ তারিখঃ ৩১/০৩/২০২৬খ্রিঃ

<u>অনুলিপি ঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-</u>

০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার বেইজ, ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
০৭। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, বরিশাল।
০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
১০। জনাব আঃ ছালাম, ভারপ্রাপ্ত কোয়াটার মাষ্টার (৩য় শ্রেণীর সনদধারী), ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
১১। বক্তিগত নথি।

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।